কর্মীদের জন্য স্বাচ্ছন্দ্যবিধান বিষয়ক নির্দেশনা

কমিশনার অফ হেলথ-এর 13 ডিসেম্বর, 2021-এর আদেশ অনুসারে 27 ডিসেম্বর, 2021 থেকে সেই সকল কর্মীকে কর্মস্থলের বাইরে রাখতে হবে যারা টিকা নেন নি এবং আদেশ দ্বারা প্রদত্ত ব্যতিক্রমগুলির মধ্যে অন্তর্গত নন।

সেই আদেশের অনুচ্ছেদ 6 অনুসারে, কর্মীরা এই আবশ্যকতা থেকে ছাড় পাওয়ার জন্য একটি যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানের জন্য আবেদন করতে পারেন। ধর্মীয় কারণে এবং নথিভুক্ত চিকিৎসাগত কারণে (গর্ভাবস্থার সাথে সম্পর্কিত নথিভুক্ত চিকিৎসাগত কারণ সহ) যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করা যেতে পারে।

পারিবারিক সহিংসতা, যৌন অপরাধ বা গোপনে অনুসরণ করার শিকার হয়েছেন এমন ব্যক্তির জন্য কিছু ক্ষেত্রে টিকা নেওয়ার সময় সংক্ষিপ্ত বাড়ানোর অনুমতি দেওয়া উপযুক্ত হতে পারে। এই ভিত্তিতে একটি যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানের একটি দাবি একজন সমাজকর্মী, ধর্মযাজক বা অন্য পেশাজীবীদের কাছ থেকে নথিপত্রের দ্বারা সমর্থিত হওয়া উচিত যারা সেই কর্মীর ভুক্তভোগী অবস্থা নিশ্চিত করতে পারেন।

নিয়োগকর্তারা এমন স্বাচ্ছন্দ্যবিধান অস্বীকার করতে পারেন যা নিয়োগকর্তার উপর অযৌক্তিক বোঝা চাপিয়ে দেয়। সমান কর্মসংস্থানের সুযোগ কমিশন (Equal Employment Opportunity Commission, EEOC) নির্দেশনায় বলা হয়েছে যে অযৌক্তিক অসুবিধা বিদ্যমান কিনা তা বিভিন্ন বিষয়ের বিশ্লেষণের উপর ভিত্তি করে নির্ণয় করা উচিত, যার মধ্যে আছে:

• প্রয়োজনীয় স্বাচ্ছন্দ্যবিধানের ধরন ও খরচ;

• যে ফেসিলিটি যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান করছে তার সার্বিক আর্থিক সংস্থান; এই ফেসিলিটিতে নিযুক্ত ব্যক্তির সংখ্যা; ফেসিলিটির খরচ ও সংস্থানের ওপরে প্রভাব;

• নিয়োগকর্তার সার্বিক আর্থিক সংস্থান, আয়তন, কর্মচারীর সংখ্যা, এবং ফেসিলিটির ধরন ও অবস্থান (যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানে সম্পৃক্ত থাকা ফেসিলিটি একটি বৃহত্তর সত্তার অংশ কিনা);

• নিয়োগকর্তার কার্যপরিচালনার ধরন, যার মধ্যে অন্তর্ভুক্ত হল কর্মীদলের গঠন ও কাজ, ভৌগোলিক পৃথকতা, স্বাচ্ছন্দ্যবিধানে সম্পৃক্ত থাকা ফেসিলিটির সঙ্গে নিয়োগকর্তার প্রশাসনিক বা আর্থিক সম্পর্ক;

• ফেসিলিটির কর্মপরিচালনার ওপরে স্বাচ্ছন্দ্যবিধানের প্রভাব।

সংযুক্ত চেকলিস্টগুলি আইনি উপদেশ নয়। চেকলিস্টের উদ্দেশ্য হল কর্মীদের COVID-19 এর বিরুদ্ধে টিকা নেওয়ার আবশ্যকতার থেকে যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান বা অব্যাহতির জন্য নিয়োগকর্তা ও ম্যানেজাররা কর্মীদের কাছ থেকে যে অনুরোধগুলি পেতে পারেন সেগুলির মূল্যায়ন করার ক্ষেত্রে তাদের নির্দেশনা দেওয়া। এটি একজন লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি থেকে আইনি পরামর্শের উদ্দেশ্যে নয় কিংবা তার বিকল্পও নয়।

যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশন (New York City Commission on Human Rights) এবং সমান কর্মসংস্থানের সুযোগ কমিশনদ্বারা প্রদত্ত তথ্য পর্যালোচনা করতে পারেন।

মঞ্জুরকৃত কোনো অব্যাহতি বা স্বাচ্ছন্দ্যবিধানের জন্য একটি রেকর্ড হিসাবে, সম্পূর্ণ করা চেকলিস্টের কপিগুলি রেখে দিন।

চিকিৎসাগত কারণের জন্য স্বাচ্ছন্দ্যবিধান

সমস্ত চিকিৎসাগত কাগজপত্র অবশ্যই কর্মীর বৈধ মেডিকাল লাইসেন্স সহ স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে হতে হবে। রাষ্ট্রীয় রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene) টিকাকরণ থেকে অব্যাহতির উপযুক্ত কারণ হিসেবে যে পরিস্থিতিগুলিকে নির্ণয় করেছে সেগুলি নিচে দেওয়া হয়েছে:

1. একটি **স্থায়ী** চিকিৎসাগত অব্যাহতি দেওয়া যেতে পারে যদি:

☐ পূর্ববর্তী একটি ডোজের পরে বা তিনটি অনুমোদিত COVID-19 টিকার সবগুলির একটি উপাদানের প্রতি কর্মীর একটি গুরুতর অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া হয়েছিল (উদাহরণস্বরূপ, অ্যানাফিল্যাক্সিস বা অ্যাঞ্জিওইডিমা)

☐ তিনটি অনুমোদিত COVID-19 টিকার সবগুলির একটি উপাদানে কর্মীর একটি পরিচিত অ্যালার্জি নির্ণীত হয়েছে

2. একটি **অস্থায়ী** চিকিৎসাগত অব্যাহতি দেওয়া যেতে পারে যদি:

☐ কর্মী চিকিৎসাগত কাগজপত্র উপস্থাপন করেছেন যা দেখিয়েছে যে তিনি COVID-19 এর মোনোক্লোনাল অ্যান্টিবডি বা কনভ্যালেসেন্ট প্লাজমা চিকিৎসার 90 দিনের মধ্যে আছেন।

☐ কর্মী চিকিৎসাগত কাগজপত্র উপস্থাপন করেছেন যা দেখিয়েছে যে তিনি সম্প্রতি স্টেম সেল সংস্থাপন, CAR টি-সেল থেরাপি বা অন্যান্য থেরাপি বা চিকিৎসা করিয়েছেন যা টিকাকরণের প্রতি কর্মীর সাড়া দেওয়ার সক্ষমতায় সাময়িকভাবে হস্তক্ষেপ করবে অথবা চিকিৎসার কারণে একটি রোগপ্রতিরোধী প্রতিক্রিয়া শুরু করবে।

☐ কর্মীর পেরিকার্ডাইটিস বা মায়োকার্ডাইটিস আছে

প্রতিটি কেসে পৃথকভাবে চিকিৎসাগত কাগজপত্রগুলি বিবেচনা করার পরে অস্থায়ী চিকিৎসাগত অব্যাহতির দৈর্ঘ্য নির্ধারণ করা হবে। অস্থায়ী সময়ের শেষে একজন কর্মীকে টিকা নিতে হবে।

যদি 1 বা 2 এ ওপরের কোনও খোপে টিক দেওয়া হয়, তাহলে কর্মী একটি অব্যাহতি পেতে পারেন এবং টিকা নাও নিতে পারেন।

স্বাচ্ছন্দ্যবিধান

☐ COVID-19 এর জন্য সাপ্তাহিক PCR পরীক্ষা করা এবং খাওয়া বা পান না করার সময় সর্বদা মাস্ক পরে থাকা। অন্যদের থেকে কমপক্ষে ছয় ফুট দূরে যে কোনও খাওয়াদাওয়া করা আবশ্যক।

☐ টেলিওয়ার্ক বা দূরবর্তী কাজ যা অন্যদেরকে স্বাচ্ছন্দ্যপ্রাপ্ত কর্মীর সংস্পর্শে আনে না।

☐ অনুপস্থিতির জন্য ছুটি

☐ অন্যান্য____

☐ কোনো স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করা হয় নি কারণ টিকা না নেওয়া কর্মীটি সম্ভবত নিজের বা অন্যদের জন্য একটি প্রত্যক্ষ হুমকি হয়ে উঠতে পারেন।

☐ কোন স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করা হয় নি কারণ স্বাচ্ছন্দ্যবিধানটি নিয়োগকর্তার উপর একটি অযৌক্তিক বোঝা চাপিয়ে দেবে

কর্মীর নাম:____________________________ তারিখ: ________________________

অস্থায়ী স্বাচ্ছন্দ্যবিধান শেষ হয় এই তারিখে: ____

নিয়োগকর্তার প্রতিনিধি: __________________________ পদ: ________________________

<u>ধর্মীয় কারণে স্বাচ্ছন্দ্যবিধান</u>

1. অনুরোধটি কি <u>শুধুমাত্র</u> একটি ব্যক্তিগত, রাজনৈতিক বা দার্শনিক পছন্দের উপর ভিত্তি করে করা হয়েছে?
☐ সরকারের জনগণকে টিকা নিতে বাধ্য করা বা চিকিৎসা সংক্রান্ত সিদ্ধান্তে হস্তক্ষেপ করা উচিত নয়
☐ এই টিকাটি নিরাপদ নয় বা অকার্যকর
☐ COVID একটি প্রতারণা
☐ ব্যক্তিগত, রাজনৈতিক বা দার্শনিক বিশ্বাসের অন্যান্য অভিব্যক্তি ____________________________________
____

উপরের যে কোনোটি যদি স্বাচ্ছন্দ্যবিধানের অনুরোধের একমাত্র ভিত্তি হয়, তাহলে কর্মীটি ধর্মীয় স্বাচ্ছন্দ্যবিধানের জন্য যোগ্য নন।

2. অনুরোধটি কি আন্তরিকভাবে রক্ষিত ধর্মীয়, নৈতিক বা নীতিগত বিশ্বাসের উপর ভিত্তি করে করা হয়েছে?
☐ কর্মী ব্যাখ্যা করেছেন/নথিভুক্ত করেছেন যে বিশ্বাসটি অনুযায়ী কীভাবে কর্মীর টিকা না নেওয়া প্রয়োজন
> উদাহরণস্বরূপ, কর্মী যদি বলেন যে তিনি একটি নির্দিষ্ট ধর্ম পালন করেন, তাহলে শুধু সেটুকুই যথেষ্ট নয়
> ধরমযাজকের কোনো চিঠির প্রয়োজন নেই, কিন্তু ধর্মযাজকটি যদি এমন কেউ হন যার সাথে কর্মচারীর ব্যক্তিগত সম্পর্ক আছে তাহলে এটি সহায়ক এবং প্রত্যয় উৎপাদনকারী হয়; শহরের বাইরের কোনও ধর্মযাজক যিনি কর্মীকে চেনেন না তার কাছ থেকে ফর্ম লেটার বা চিঠিগুলি সাধারণভাবে তা নয়।
☐ কর্মী পূর্বে অন্য ধরণের টিকাগুলি নেন নি
>যদি কর্মী অন্য টিকা নিয়ে থাকেন, তাহলে তাকে ব্যাখ্যা করতে হবে যে সেই টিকাগুলি কেন তাদের ধর্মের বিরুদ্ধে ছিল না।
☐ কর্মী বলেন যে ধর্মীয় বিশ্বাস তাকে শরীরে নির্দিষ্ট কিছু পদার্থ প্রবেশ করতে দিতে বাধা দেয় ¬
>যদি হ্যাঁ হয়, তাহলে কর্মীকে অন্যান্য সাধারণভাবে ব্যবহৃত ওষুধ, খাদ্য/পানীয় বা অন্যান্য পদার্থের তালিকা/বিবরণ দিতে হবে যেগুলিকে তিনি তার শরীরে প্রবেশ করতে দেন না।
____
☐ কর্মী বলেন যে তিনি টিকাটি নিতে পারবেন না কারণ এটি এমন ভ্রূণের কোষ ব্যবহার করে তৈরি এবং/অথবা পরীক্ষা করা হয়েছিল যা একটি গর্ভপাতের ফলাফল হতে পারে বলে কর্মীটি উদ্বিগ্ন ¬
>কর্মী কি আইবুপ্রোফেন (অ্যাডভিল), অ্যাসিটামিনোফেন (টাইলেনল), বা ভ্রূণের কোষের ডেরিভেটিভ লাইন ব্যবহার করে একইভাবে তৈরি বা পরীক্ষা করা অন্য কোনও ওষুধ নেন? এই ধরনের আচরণ এই ধর্মীয় বিশ্বাসের সাথে অসঙ্গতিপূর্ণ হবে এবং সাধারণভাবে এর মানে হল কর্মীকে স্বাচ্ছন্দ্যবিধান প্রত্যাখ্যান করা হবে।

যদি উপরের যে কোনোটিতে টিক দেওয়া হয়, তাহলে কর্মীটি ধর্মীয় স্বাচ্ছন্দ্যবিধানের জন্য যোগ্য হতে পারেন।

<u>স্বাচ্ছন্দ্যবিধান</u>

☐ COVID-19 এর জন্য সাপ্তাহিক PCR পরীক্ষা করা এবং খাওয়া বা পান না করার সময় সর্বদা মাস্ক পরে থাকা। অন্যদের থেকে কমপক্ষে ছয় ফুট দূরে যে কোনও খাওয়াদাওয়া করা আবশ্যক।
☐ টেলিওয়ার্ক বা দূরবর্তী কাজ যা অন্যদেরকে স্বাচ্ছন্দ্যপ্রাপ্ত কর্মীর সংস্পর্শে আনে না।
☐ অনুপস্থিতির জন্য ছুটি
☐ অন্যান্য ____
☐ কোনো স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করা হয় নি কারণ টিকা না নেওয়া কর্মীটি সম্ভবত নিজের বা অন্যদের জন্য একটি প্রত্যক্ষ হুমকি হয়ে উঠতে পারেন।
☐ কোন স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করা হয় নি কারণ স্বাচ্ছন্দ্যবিধানটি নিয়োগকর্তার উপর একটি অযৌক্তিক বোঝা চাপিয়ে দেবে

কর্মীর নাম:________________________________ তারিখ: __________________________

নিয়োগকর্তার প্রতিনিধি: ___________________________ পদ: __________________________